বাংলার বাণী

তারিখ ... 23 SEP 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ...

১৭১

ছাত্রলীগের সমাবেশে নেতৃবৃন্দ

# ছাত্রদের ১০ দফা মেনে নিতে হবে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

অবিলম্বে ছাত্রসমাজের রক্তস্নাত দশ দফা দাবি মেনে নিতে হবে। নতুবা ছাত্র-জনতার ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে বর্তমান সরকারকে ক্ষমতাচ্যুত করা হবে। গত শনিবার সকালে "সন্ত্রাস ঠেকাও-নব্য স্বৈরাচার হটাও-শিক্ষা বাঁচাও" এই দাবিতে অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রলীগ (আ-অ) আয়োজিত এক সমাবেশে বক্তারা একথা বলেন। ছাত্রলীগ (আ-অ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, সহ-সভাপতি সাইফুল আহাদ সেলিম, ছাত্রলীগ নেতা এস এম কামাল হোসেন, মনিরুজ্জামান বাদল, কামরুজ্জামান আনসারী, স্বপন বসু প্রমুখ।

সমাবেশে ছাত্রনেতা শাহে আলম অভিযোগ করেন, বিএনপি সরকার ক্ষমতায় আসার পর থেকে তার সহযোগী ছাত্রসংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল সকল শিক্ষা প্রতিষ্ঠানে অব্যাহতভাবে সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। তাদের সন্ত্রাসের শিকার হয়েছে ছাত্রলীগ নেতা পরাগ, স্বপনসহ অনেক ছাত্রলীগ নেতা-কর্মী। শুধু তাই নয়, তারা আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকেও হত্যার চেষ্টা করেছিল। তিনি অবিলম্বে শেখ হাসিনাকে হত্যার চেষ্টাসহ সকল ছাত্রলীগ কর্মীর নৃশংস হত্যার সুষ্ঠু বিচার দাবি করেন।

ছাত্রনেতা অসীম কুমার উকিল বলেন, সন্ত্রাস নির্মূলের দায়িত্ব মূলতঃ সরকারের। কিন্তু সরকার ব্যর্থ হয়েছেন। কারণ, সরকারী ছাত্রসংগঠনই সন্ত্রাসী তৎপরতায় লিপ্ত।

ছাত্রলীগ নেতা এস এম কামাল হোসেন হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আর যদি কোন ছাত্রলীগ কর্মীর উপর আঘাত করা হয়, তাহলে ছাত্রলীগ তার দাঁতভাঙ্গা জবাব দেবে।

সমাবেশের পূর্বে একটি বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।